ঝিনাইদহে পানিতে ডুবে শ্রাবন নামে এক কলেজ শিক্ষার্থীর মৃত্যু

ঝিনাইদহে বন্ধুদের সাথে পুকুরে গোসল করেতে গিয়ে পানিতে ডুবে শ্রাবন নামে এক কলেজ শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। রবিবার (১ অক্টোবর) ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই এলাকার ইটভাটার একটি পুকুরে এই মৃত্যুর ঘটনা ঘটে।

বিকেলের দিকে ডুবুরি এসে তার মৃতদেহ উদ্ধার করে। শ্রাবন ঝিনাইদহ শহরের মাজমাদার পাড়ার ব্যবসায়ী সুমন হকের ছেলে। সে এবার এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। পুলিশ ও পারিবারিক সুত্রে জানা গেছে, ৩ বন্ধু মিলে শহরতলীর পাগলাকানাই এলাকার ইটভাটার একটি গভীর পুকুরে গোসল করতে নামে। পুকুরে প্রায় আধাঘন্টা ধরে গোসল করে তারা।

এক পর্যায়ে পানিতে ডুব দিয়ে দুই বন্ধু উপরে উঠলেও শ্রাবন পানিতে ডুবে থাকে। সেসময় তার সহপাঠীদের চিৎকার চেচামেচিতে আশপাশের লোকজন ছুটে এসে ফায়ার সার্ভিসে খবর দেয়। পরে খুলনা থেকে ডুবুরী সদস্যরা ঘটনাস্থলে এসে শ্রাবণের মৃতদেহ উদ্ধার করে। শ্রাবন ঝিনাইদহ কলেজ থেকে এবার এইচএসসি পরীক্ষায় পাশ করেছে। সদ্য পাশ করা কলেজ ছাত্রের এই মৃত্যুতে পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

শৈলকুপায় মাদক-সন্ত্রাসমুক্ত ইউনিয়ন গড়ার অঙ্গিকার চেয়ারম্যান প্রার্থী জাফর

মোল্লার

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ত্রিবেণী ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছেন ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপির সহসভাপতি জাফর ইকবাল মোল্লা।

বিকেলে শেখপাড়া বাজারে আনুষ্ঠানিকভাবে নিজের প্রার্থিতার ঘোষণা দেন তিনি। এ উপলক্ষে নিজের নির্বাচনী অঙ্গীকার তুলে ধরে একটি ব্যানারও উন্মোচন করেন। শেখপাড়া বাজারে নির্বাচনী অঙ্গীকারের ব্যানার উন্মোচনের মধ্য দিয়ে নিজের নির্বাচনী কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা করেন জাফর মোল্লা। প্রার্থিতা ঘোষণার পর স্থানীয়দের সঙ্গে মতবিনিময়ও করেন তিনি।

প্রার্থিতা ঘোষণাকে কেন্দ্র করে শেখপাড়া বাজারে স্থানীয় মানুষের উপস্থিতিতে এক মিলনমেলার পরিবেশ তৈরি হয়। এসময় উপস্থিত ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল মো. শহিদুল মন্ডল,বীর মুক্তিযোদ্ধা মো.তবিবর জোয়ার্দার,শেখপাড়া দুঃখী মাহমুদ ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মো. জাহাঙ্গীর জোয়ার্দার, শেখপাড়া বণিক সমিতির সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী মো. হাকিম মোল্লা,৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. গাজী শেখ। এ ছাড়া স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধি,গণ্যমান্য ব্যক্তি ও ব্যবসায়ীরা উপস্থিত ছিলেন।

প্রার্থিতা ঘোষণার পর জাফর ইকবাল মোল্লা বলেন,’ত্রিবেণী ইউনিয়নের মানুষের সঙ্গে আমার দীর্ঘদিনের সম্পর্ক। অতীতে চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনকালে এলাকার উন্নয়ন ও মানুষের সেবায় কাজ করার চেষ্টা করেছি।

আবারও দায়িত্ব পাওয়ার সুযোগ হলে ইউনিয়নের রাস্তাঘাট,শিক্ষা,স্বাস্থ্যসেবা,মাদক-সন্ত্রাসমুক্ত, যোগাযোগব্যবস্থার উন্নয়ন এবং সাধারণ মানুষের নাগরিক সুবিধা নিশ্চিত করতে অগ্রাধিকার দেব। কোনো প্রতিশ্রুতি দিয়ে মানুষকে বিভ্রান্ত করতে চাই না। জনগণের মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দিয়ে একটি পরিকল্পিত ইউনিয়ন গড়ে তুলতে চাই।

ঝিনাইদহে জাতীয় যুব দিবস পালিত

“দক্ষ যুব গড়বে দেশ সবার জন্য বাংলাদেশ” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে জাতীয় যুব দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১ নভেম্বর) সকালে যুব উন্নয়ন অধিদপ্তর চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। র্যালী শেষে যুব দিবস উপলক্ষে বেলুন উড়িয়ে যুব মেলার উদ্বোধন করা হয়। পরে যুব উন্নয়ন অধিদপ্তর মিলনায়তনে আলোচনা সভা, পুরস্কার ও চেক বিতরণ করা হয়।

সেসময় জেলা প্রশাসক মোঃ নোমান হোসনে, জেলা পরিষদের প্রশাসক এ্যাড. এমএ মজিদ, যুব অধিদপ্তরের উপ-পরিচালক বিলকিস আফরোজ, সিভিল সার্জন কামরুজ্জামান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা দিপা রানী সরকার, অতিরিক্ত পুলিশ সুপার মোসফেকুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে জাতীয় যুব দিবস পালিত হয়েছে । আজ রোববার (১ নভেম্বর) উপজেলা অডিটোরিয়ামে জাতীয় যুব দিবস উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীম হোসাইনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য মেহেঃ মতিয়ার রহমান। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “৫৪ বছর পর আমরা একটি গণতান্ত্রিক সংসদ পেয়েছি। এখন সংসদে সরকারি দল ও বিরোধী দল—আমরা যারা আছি, সবাই মজলুম। আমার জানামতে, এখানে কোনো ফ্যাসিস্ট নেই। গত ১৭ বছর আমরা লোকচক্ষুর অন্তরালে অন্ধকারে ছিলাম।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, উপজেলা জামায়াতের আমির মাস্টার আজিজুর রহমান, পৌর জামায়াতের আমির মোহাদ্দেস আব্দুল কাইয়ুম, বিএনপির দপ্তর সম্পাদক শহিদুল ইসলাম ভূঁইয়া, এলাঙ্গী বিএনপির সভাপতি ইকরামুল হক, এনসিপি নেতা হৃদয় আহম্মেদ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শামসুল আলম, উষার পরিচালক আব্দুল হান্নান এবং বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসহাক আলীসহ অন্যরা।

এ ছাড়া অনুষ্ঠানে যুব উন্নয়ন কার্যক্রমের উপকারভোগী যুবক-যুবতীরা উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে অতিথিরা উপকারভোগী যুবক-যুবতীদের হাতে ঋণের চেক তুলে দেন।

ঝিনাইদহে দিনব্যাপী কারাতে সেমিনার ও বেল্ট পরীক্ষা অনুষ্ঠিত

‘নারীদের আত্মরক্ষার্থে কারাতে হোক অন্যতম হাতিয়ার’ এ শ্লোগানে ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে দিনব্যাপী কারাতে সেমিনার ও বেল্ট পরীক্ষা।

শনিবার (৩১ অক্টোবর) সকালে শহরের পাগলা কানাই এলাকার সোতোকান কারাতে দো একাডেমিতে এ সেমিনারের উদ্বোধন করা হয়।

স্কুলের পরিচালক ও প্রশিক্ষক কাজী আলী আহাম্মেদ লিকুর সভাপতিত্বে পরিচালক মাহফুজুর রহমান বিপ্লব’র পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ।

বিশেষ অতিথি ছিলেন জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব আহসানুজ্জামান ঝন্টু, সাবেক অধ্যক্ষ মহব্বত হোসেন টিপু, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ ইকবাল মাখন।

দিনব্যাপী সেমিনারে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশত

শিক্ষার্থীকে কারাতে প্রশিক্ষণ প্রদান করেন জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন ও রেজাউল করিম মাসুম। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীদের মাঝে বেল পরীক্ষা অনুষ্ঠিত হয়।

শিক্ষক নেতা আজিজীর হয়রানির প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

শিক্ষক নেতা দেলোয়ার হোসেন আজিজীর হয়রানি বন্ধ ও তার বিরুদ্ধে তদন্ত কমিটির নোটিশ প্রত্যাহারের দাবীতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোট জেলা শাখা।

ঘন্টাব্যাপী চলা এই কর্মসূচীতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলার বিভিন্ন উপজেলা শিক্ষকরা অংশ নেয়। এতে সংগঠটির কেন্দ্রীয় কমিটির যুগ্ম সদস্য সচিব প্রকোশলী আবুল বাশার, জেলা শাখার আহ্বায়ক আসাদুজ্জামান, সদস্য সচিব ইমরান হোসেনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা, বাংলাদেশ বেসরকারি মাদ্রাসা শিক্ষক কর্মচারী ফোরামের কেন্দ্রীয় সভাপতি ও এমপিওভুক্ত শিক্ষা জাতীয়করণ প্রত্যাশী জোটের কেন্দ্রীয় সদস্য সচিব অধ্যক্ষ দেলোয়ার হোসেন আজিজীর হয়রানি বন্ধ ও তার বিরুদ্ধে গঠিত তদন্ত কমিটির নোটিশ প্রত্যাহারের দাবী জানান।

ঝিনাইদহ কলেজের শিক্ষক-কর্মচারীদের সাথে রাশেদ খাঁনের মতবিনিময়

শিক্ষার মানোন্নয়ন, কলেজ জাতীয়করণসহ প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ঝিনাইদহ কলেজের শিক্ষক-কর্মচারীদের সাথে মতবিনিময় করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন।

শুক্রবার (৩০ অক্টোবর) সকালে শহরের একটি রেস্টুরেন্টে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন ছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, ঝিনাইদহ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কাজী মাহবুবুর রহমান, শিক্ষক প্রতিনিধি নাহিদ রেজা, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক শাহরিয়ার রাসেলসহ কলেজের অন্যান্য শিক্ষক-কর্মচারীরা।

মতবিনিময় সভায় কলেজের শিক্ষার পরিবেশ উন্নয়ন, অবকাঠামোগত অগ্রগতি, জাতীয়করণসহ বিভিন্ন সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়। এ সময় কলেজের অধ্যক্ষ শিক্ষা ও অবকাঠামোসহ সার্বিক উন্নয়নে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন।

চাঁদাবাজ বলেলেই মানুষ বুঝে ফেলেন কোন দলের কথা বলা হচ্ছে- এমপি আলী আজম

চাঁদাবাজ বলেলেই সাধারণ মানুষ বুঝে ফেলেন কোন দলের কথা বলা হচ্ছে। এসব দলীয়করণ, চাঁদাবাজি বন্ধ করতে হবে। নির্বাচনে মানুষ অনেক আশা নিয়ে ভোট দিয়ে দিয়েছিলেন। কিন্তু তাদের সেই আশা পুরণ হয়নি। ফলে ৭ দফা দাবিতে ১১ দলীয় জোটের লং মার্চ কর্মসুচি দেওয়া

হয়েছে।

শুক্রবার (৩০ অক্টোবর) সকালে শহরের আলহেরা এলাকার জেলা জামায়াতের কার্যালয়ে লংমার্চ উপলক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে জেলা জামায়াতের আমীর ও ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য আলী আজম মো: আবু বকর এসব কথা বলেন।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, ৩১ আগস্ট লংমার্চ সফল করতে ঝিনাইদহ ১১ দলীয় জোটের সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। লংমার্চ কর্মসুচিতে লক্ষাধিক মানুষের সমাগম হবে বলে তিনি উল্লেখ করেন। ৭ দফা দাবী আদায়ে ১১ দলীয় ঐক্য জোটের নেতৃবৃন্দ ঢাকা থেকে খুলনা হয়ে ঝিনাইদহে পথসভা শেষে কুষ্টিয়ার একটি জনসভায় যোগ দিবেন।

ঝিনাইদহে বিকাল ৫ টার দিকে শহরের কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে হবে এ সমাবেশ। এতে জামায়াতের আমির ডা: শফিকুর রহমান, বিরোধী দলীয় চীফ হুইফ ও এনসিপির সভাপতি নাহিদ ইসলাম, এলডিপি প্রধান কর্ণেল অলি আহম্মেদ (অব:), খেলাফত মজলিসের আমীর মাওলানা মামুনুল হকসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখবেন বলে সংবাদ সম্মেলন থেকে জানানো হয়।

সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য মতিয়ার রহমান, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য মাও. আবু তালেব, ১১ দলীয় জোটের জেলা আহবায়ক ও জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারী আব্দুল আওয়াল, নায়েবে আমীর আব্দুল আলিমসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডু উপজেলা শাখার এনসিপি’র আহ্বায়ক কমিটি গঠন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)’র ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা শাখার আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। আহ্বায়ক হিসেবে মোঃ হামিদ পারভেজ মিয়া এবং সদস্য সচিব হিসেবে মোঃ সাঈদ হোসেন কে দায়িত্ব দিয়ে ১১ সদস্য বিশিষ্ট আংশিক কমিটি গঠন করা হয়েছে।

[illegible]

[illegible]

[illegible]

অধিকারকে বাস্তবায়ন করায় হবে আমাদের প্রধান কাজ।

ঝিনাইদহের ব্যবসায়ী সুলতান হত্যা মামলার প্রধান আসামী চঞ্চল ১৩ বছর পর গ্রেপ্তার

ঝিনাইদহ সদর উপজেলার ছোট কামারকুন্ডু গ্রামের ঠিকাদার খন্দকার সুলতান আহমেদ হত্যা মামলার প্রধান আসামী চঞ্চল বিশ্বাসকে গ্রেপ্তার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)।

বুধবার (২৮ অক্টোবর) রাতে ঢাকার আশুলিয়া থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত চঞ্চল শহরের ভুটিয়ারগাতী এলাকার জহর বিশ্বাসের ছেলে।

ঝিনাইদহ সিআইডি’র পুলিশ পরিদর্শক (নিরস্ত) আখতার হোসেন মিনা জানান, ঠিকাদার ব্যবসায়ী সুলতান আহমেদ’র পুলিশ লাইন্সের সামনে একটি গ্রীলের দোকান ছিলো। পাশাপাশি তিনি ঠিকাদারী ব্যবসা করতেন। চুয়াডাঙ্গার একটি ঠিকাদারী কাজের কিছু টাকা চঞ্চলের কাছে পেত সুলতান। এ নিয়ে তাদের মাঝে বিরোধও চলছিলো। এরই জের ধরে ২০১৩ সালের ২৯ জুন সন্ধ্যায় মোবাইলে সুলতানকে ডেকে নেয় চঞ্চল। পরদিন ৩০ জুন সকালে উদয়পুর গ্রামের মাঠ থেকে তার বস্তাবন্দি লাশ উদ্ধার করে পুলিশ। এই ঘটনায় নিহতের স্ত্রী ইয়াসমিন সুলতানা বাদী করে চঞ্চলকে প্রধান আসামী করে অজ্ঞাত ৪/৫ জনের বিরুদ্ধে থানায় হত্যা মামলা দায়ের করে। মামলার পর থেকেই পলাতক ছিলো চঞ্চল বিশ্বাস।

হত্যা মামলার তদন্ত শেষে ”ঞ্চল ও জাহাঙ্গীর আলম নামে দুইজনকে অভিযুক্ত করে ২০১৫ সালের ১৭ জুন আদালতে চার্জশিট দেয় পুলিশ। আসামীরা মামলাটির বিচার ও তদন্ত কার্যক্রম উচ্চ আদালতে আবেদন করে স্থগিত করে। গতমাসে সেই স্থগিতাদেশ প্রত্যাহার হওয়ার পর সিআইডিতে তদন্ত দেয় আদালত।

পুলিশ পরিদর্শক (নিরস্ত) আখতার হোসেন মিনা বলেন, মামলার তদন্ত ভার পাওয়ার পর তথ্য প্রযুক্তি ব্যবহার করে আসামী চঞ্চলের অবস্থান শনাক্ত করে আমরা তাকে গ্রেপ্তার করি। তিনি তার নাম পরিবর্তন করে সুজা বিশ্বাস রেখে আশুলিয়ার কাঠগড়ার আলম মার্কেট এলাকায় ব্যবসা করে আসছিলো। চার্জশিটে থাকা অপর আসামী জাহাঙ্গীর আলম ২০২২ সালে মারা গেছে। এই মামলার তদন্ত চলছে।

নতুন কেউ অভিযুক্ত হলে তাদের বিরুদ্ধেও তদন্ত রিপোর্ট প্রদান করা হবে। আসামী চঞ্চলকে সদর থানায় সোপর্দ করা হয়েছে।